আমরা এক ঈশ্বরে বিশ্বাস করি, যিনি সর্বশক্তিমান পিতা, দৃশ্য ও অদৃশ্য সব কিছুর সৃষ্টিকর্তা। এবং এক প্রভু যীশু খ্রীষ্টে, যিনি ঈশ্বরের একমাত্র জাত পুত্র, সমস্ত যুগের পূর্বে পিতার থেকে জাত, ঈশ্বরের ঈশ্বর, আলোর আলো, সত্য ঈশ্বরের সত্য ঈশ্বর, জাত, সৃষ্ট নন, পিতার সাথে একাত্ন; তাঁর মাধ্যমেই সব কিছু সৃষ্টি হয়েছে। আমাদের জন্য এবং আমাদের পরিত্রাণের জন্য তিনি স্বর্গ থেকে নেমে এলেন, এবং পবিত্র আত্মা ও কুমারী মরিয়মের মাধ্যমে দেহধারণ করে মানুষ হলেন। আমাদের জন্য তিনি পন্তীয় পীলাতের অধীনে ক্রুশারোপিত হলেন; তিনি কষ্টভোগ করলেন এবং কবরস্থ হলেন। এবং শাস্ত্র অনুসারে তৃতীয় দিনে তিনি পুনরুত্থিত হলেন, তিনি স্বর্গে আরোহণ করলেন এবং পিতার ডানপাশে উপবিষ্ট আছেন। তিনি জীবিত ও মৃতদের বিচার করতে মহিমায় আবার আসবেন, এবং তাঁর রাজ্যের শেষ হবে না। এবং আমরা বিশ্বাস করি পবিত্র আত্মায়, যিনি জীবনদাতা প্রভু, যিনি পিতা ও পুত্র থেকে নির্গত হন, যিনি পিতা ও পুত্রের সাথে একসাথে আরাধিত ও মহিমান্বিত হন, যিনি ভাববাদীদের মাধ্যমে কথা বলেছিলেন। এবং আমরা বিশ্বাস করি এক, পবিত্র, ক্যাথলিক ও প্রেরিতীয় মণ্ডলীতে। আমরা পাপের ক্ষমার জন্য একটিমাত্র বাপ্তিস্ম স্বীকার করি। আমরা মৃতদের পুনরুত্থান এবং আগামী যুগের জীবনের প্রতীক্ষা করি। আমেন।